

শিক্ষা নিয়ে গড়ব দেশ  
শেখ হাসিনার বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কারিগরি ও মাদরাসা শিক্ষা বিভাগ  
মাদরাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা  
রেডক্রিসেন্ট বোরাক টাওয়ারলেভেল-০৩  
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০  
[www.dme.gov.bd](http://www.dme.gov.bd)

স্মারক নং-৫৭.২৫.০০০০.০০২.১৭.০১৩.১৮- ৭৭

তারিখ: ১৬.০৫.২০১৮ খ্রি.

বিষয়: শরীয়তপুর জেলার সদর উপজেলাধীন শরীয়তপুর ইসলামিয়া মহিলা দাখিল মাদরাসার শিক্ষক-কর্মচারীদের বকেয়া বেতন (এমপিও) বিল এর আবেদন নিষ্পত্তিকরণ প্রসঙ্গে।

সূত্র: (১) শরীয়তপুর ইসলামিয়া মহিলা দাখিল মাদরাসার স্মারক (ভারপ্রাপ্ত) সুপার এর আবেদন

তারিখ: ২৫.০৪.২০১৮ খ্রি.

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সূত্রে বর্ণিত (১) নং পত্রে শরীয়তপুর জেলার সদর উপজেলাধীন শরীয়তপুর ইসলামিয়া মহিলা দাখিল মাদরাসার শিক্ষক-কর্মচারীদের সেপ্টেম্বর/২০১৭ খ্রি. তারিখ থেকে ফেব্রুয়ারী/২০১৮ খ্রি. তারিখ পর্যন্ত বকেয়া বেতন ভাতার সরকারি অংশের (এমপিও) টাকা প্রাপ্তির জন্য (ভারপ্রাপ্ত) সুপার কর্তৃক আবেদন করা হয়েছে।


০২. আবেদনটি পর্যালোচনা করে দেখা যায় যে, মাদরাসার শিক্ষকদের অভ্যন্তরীণ বিশৃঙ্খলার কারণে গত সেপ্টেম্বর/২০১৭ খ্রি. তারিখ থেকে ফেব্রুয়ারী/২০১৮ খ্রি. তারিখ পর্যন্ত শরীয়তপুর ইসলামিয়া মহিলা দাখিল মাদরাসার শিক্ষকগণের বেতন বিল (এমপিও) উত্তোলন করা সম্ভব হয়নি।

০৩. বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (স্কুল, কলেজ, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানসমূহ) এর শিক্ষক ও কর্মচারীদের বেতন-ভাতাদির সরকারি অংশ প্রদান এবং জনবল কাঠামো নির্দেশিকা-২০১০ (মার্চ, ২০১৩ পর্যন্ত সংশোধিত) এর ১৮(৬) অনুচ্ছেদে উল্লেখ আছে “প্রতিষ্ঠানের শিক্ষক/কর্মচারী ব্যবস্থাপনা কমিটির মধ্যকার অভ্যন্তরীণ বিরোধের কারণে বা তাদের মধ্যে সৃষ্ট মামলা বা অন্য কোন কারণে বেতন-ভাতাদির সরকারি অংশ উত্তোলন সম্ভব না হলে পরবর্তীতে বকেয়া হিসেবে তা উত্তোলন করা যাবে না। সংশ্লিষ্ট প্রতিষ্ঠান এর আর্থিক দায়-দায়িত্ব বহন করবে।”

০৪. উপরিউক্ত আবেদনটি বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (স্কুল, কলেজ, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানসমূহ) এর শিক্ষক ও কর্মচারীদের বেতন-ভাতাদির সরকারি অংশ প্রদান এবং জনবল কাঠামো নির্দেশিকা-২০১০ (মার্চ, ২০১৩ পর্যন্ত সংশোধিত) এর ১৮(৬) অনুচ্ছেদ এর নির্দেশনার অন্তর্ভুক্ত বিষয় মহোদয়ের আবেদনটি সেমতে নিষ্পত্তিযোগ্য।

০৩. এমতাবস্থায়, বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (স্কুল, কলেজ, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানসমূহ) এর শিক্ষক ও কর্মচারীদের বেতন-ভাতাদির সরকারি অংশ প্রদান এবং জনবল কাঠামো নির্দেশিকা-২০১০ (মার্চ, ২০১৩ পর্যন্ত সংশোধিত) এর ১৮(৬) অনুযায়ী পরবর্তী ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সুপার (ভারপ্রাপ্ত),  
শরীয়তপুর ইসলামিয়া মহিলা দাখিল মাদরাসা।  
সদর, শরীয়তপুর।

  
(মো: আবদুল মুকীত)  
সহকারী পরিচালক (অর্থ)  
মাদরাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা  
ই-মেইল: [adfinance.dme@gmail.com](mailto:adfinance.dme@gmail.com)

অনুলিপি:

- ১। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদরাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, পরিবহন পুল ভবন (৯ম তলা) সচিবালয় লিংক রোড ঢাকা।
- ২। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা অঞ্চল।
- ৩। জেলা শিক্ষা অফিসার, শরীয়তপুর।
- ৪। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সদর, শরীয়তপুর।
- ৫। সভাপতি, শরীয়তপুর ইসলামিয়া মহিলা দাখিল মাদরাসা।
- ৭। অফিস কপি।